দৈনিক ইত্তেফাক

NOV. 07 1999

তারিখ ... ... NOV 08 1999

পৃষ্ঠা ১৬ কলাম ৫

# ৮৮৫ জন এসএসসি পরীক্ষার্থী বহিষ্কার ॥ পানছড়ি কেন্দ্র বাতিল

• চট্টগ্রাম অফিস ॥ চট্টগ্রাম শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ সম্প্রতি ১৯৯৯ সালের এসএসসি পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে ৮৮৫ জন ছাত্রকে ১ হইতে ৫ বৎসর পর্যন্ত বহিষ্কার করিয়াছে। চট্টগ্রাম শিক্ষা বোর্ড খাগড়াছড়ি জেলার পানছড়ি কেন্দ্র-১ এ অবাধে নকল চলায় এবং একজন ম্যাজিস্ট্রেটকে মারধর ও গাড়ী ভাংচুর করার অভিযোগে উক্ত কেন্দ্র বাতিল করার সিদ্ধান্ত নিয়াছে। বোর্ড কর্তৃপক্ষ পানছড়ি কেন্দ্রের ১২ জন পরীক্ষার্থীর উত্তরপত্রে দুই রকমের লেখা থাকার অভিযোগে তাহাদেরকে ৪ বৎসরের জন্য বহিষ্কার করা হইয়াছে।

19